মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৩০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৫৭]

১০. কিতাবুল আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ ইমাম এবং মুক্তাদীর উপর সকল নামাযেই কিরাআত পাঠ করা ওয়াজিব

باب وُجُوبِ الْقِرَاءَةِ لِلإِمَامِ وَالْمَأْمُومِ فِي الصَّلَوَاتِ كُلِّهَا فِي الْحَضَرِ وَالسَّفَرِ وَمَا يُجْهَرُ فِيهَا وَمَا يُخَافَتُ

আরবী

ـ عَنْ أَبِي هُرَيْرَةَ : أَنَّ رَسُولَ اللَّهِ دَخَلَ الْمَسْجِدَ، فَدَخَلَ رَجُلٌ فَصَلَّى، فَسَلَّمَ عَلَى النَّبِيِّ فَرَدَّ، وَقَالَ ارْجِعْ فَصَلِّ فَإِنَّكَ لَمْ تُصَلِّ. فَرَجَعَ يُصَلِّي كَمَا صَلَّى، ثُمَّ جَاءَ فَسَلَّمَ عَلَى النَّبِيِّ فَقَالَ ارْجِعْ فَصَلِّ فَإِنَّكَ لَمْ تُصَلِّ. ثَلاثًا، فَقَالَ: وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ مَا أُحْسِنُ غَيْرَهُ فَعَلِّمْنِي، فَقَالَ إِذَا قُمْتَ إِلَى الصَّلاةِ فَكَبِّرْ، ثُمَّ اقْرَأْ مَا تَيَسَّرَ مَعَكَ مِنَ الْقُرْآنِ، ثُمَّ ارْكَعْ حَتَّى تَطْمَئِنَّ رَاكِعًا، ثُمَّ ارْفَعْ حَتَّى تَعْدِلَ قَائِمًا، ثُمَّ اسْجُدْ حَتَّى تَطْمَئِنَّ سَاجِدًا، ثُمَّ ارْفَعْ حَتَّى تَطْمَئِنَّ جَالِسًا، وَافْعَلْ ذَلِكَ فِي صَلاتِكَ كُلِّهَا

বাংলা

৪৩০) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মসজিদে প্রবেশ করলেন। তখন একজন লোক মসজিদে প্রবেশ করে নামায আদায় করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে সালাম দিল। তিনি সালামের জবাব দিয়ে বললেনঃ তুমি ফেরত যাও এবং পুনরায় নামায আদায় কর। কারণ তুমি নামায আদায় করনি। সে ফিরে গিয়ে পূর্বের ন্যায় নামায পড়তে লাগল। নামায শেষে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে পুনরায় সালাম দিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবারও বললেনঃ তুমি ফেরত গিয়ে আবার নামায পড়। কারণ তোমার নামায আদায় হয়নি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তিনবার এরূপ বললেন। লোকটি তখন বললঃ ঐ সত্তার শপথ! যিনি আপনাকে সত্য দ্বীন সহ প্রেরণ করেছেন। আমি এর চেয়ে ভাল করে নামায পড়তে জানি না। সুতরাং আপনি আমাকে শিক্ষা দিন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ যখন তুমি নামাযে দাঁড়াবে তখন আল্লাহু আকবার বলবে। অতঃপর কুরআন থেকে তোমার জন্য যা সহজ হয় তাই পড়বে। তারপর শান্তভাবে রুকূ করবে। অতঃপর রুকূ হতে মাথা উঠিয়ে সোজা হয়ে দাঁড়াবে। অতঃপর সেজদায় গিয়ে শান্তভাবে সেজদা করবে। তারপর সেজদা থেকে মাথা উঠিয়ে শান্তভাবে বসবে। তোমার সকল নামায এভাবেই আদায় করবে।

English

Recitation of the Qur'an (Surat Al-Fatiha) is compulsory for the Imam and the followers, at the home and on journey, in all As-Salat (the prayers) whether the recitation is done silently or aloud.

Narrated Abu Huraira:

Allah's Messenger (ﷺ) entered the mosque and a person followed him. The man prayed and went to the Prophet and greeted him. The Prophet (ﷺ) returned the greeting and said to him, "Go back and pray, for you have not prayed." The man went back prayed in the same way as before, returned and greeted the Prophet who said, "Go back and pray, for you have not prayed." This happened thrice. The man said, "By Him Who sent you with the Truth, I cannot offer the prayer in a better way than this. Please, teach me how to pray." The Prophet (ﷺ) said, "When you stand for Prayer say Takbir and then recite from the Holy Qur'an (of what you know by heart) and then bow till you feel at ease. Then raise your head and stand up straight, then prostrate till you feel at ease during your prostration, then sit with calmness till you feel at ease (do not hurry) and do the same in all your prayers.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89728

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন